# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২১৩/২৫৮

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

বিষয় : করনিক ইশফাত জাহান শিউলী-কে স্বপদে পুনর্বহাল করা প্রসঙ্গে।

সূত্র : ১। ইশফাত জাহান শিউলী এর গত ১১/০৯/২০২৫ তারিখের আবেদন।
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর স্মারক নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২১৩/২৪৮, তারিখ-১৫/১০/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন রহমতনগর ইসলামিয়া দাখিল মাদ্রাসার করনিক হিসেবে নিয়োগপ্রাপ্ত ইশফাত জাহান শিউলী (ইনডেক্স নং-৪৭০৯১৮)-কে চাকুরী হইতে অন্যায়ভাবে বরখাস্ত করায় মাদ্রাসা সুপারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও স্বপদে চাকুরীতে যোগদানের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়। দাখিলকৃত অভিযোগ সংক্রান্ত যাবতীয় তথ্য বোর্ডে জমাদানের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে মাদ্রাসা সুপার-কে পত্র দেয়া হয়। মাদ্রাসা সুপার স্বপক্ষে বিভিন্ন প্রমানাদি বোর্ডে দাখিল করে জবাব দেন। পরবর্তীতে অত্র বোর্ডের রেজিস্ট্রারের দপ্তরে উভয় পক্ষের শুনানীয়ান্তে গত ২৯/১০/২০২৫ইং তারিখে ৩০০/- টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে আপোষ মীমাংসা হয়েছে মর্মে সমঝোতা স্মারকে উভয় পক্ষ স্বাক্ষর করেন।

বর্ণিত অবস্থায় আপোষ মীমাংসা হওয়ায় রহমতনগর ইসলামিয়া দাখিল মাদ্রাসার করনিক ইশফাত জাহান শিউলী স্বপদে দায়িত্ব পালন করবেন। একইসাথে পুনর্বহালকৃত করনিক ইশফাত জাহান শিউলী এর বেতন-ভাতাদি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা সুপার ও পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(স্বাক্ষরিত) ০২.১১.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি, পরিচালনা কমিটি,
রহমতনগর ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
২। সুপার, রহমতনগর ইসলামিয়া দাখিল মাদ্রাসা
রহমতনগর ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
৩। করনিক, ইশফাত জাহান শিউলী,
ডাকঘর-রহমতনগর, বাউফল, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২১৩/

তারিখ: ১০ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
২. জেলা প্রশাসক, পটুয়াখালী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী;
৪. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী;
৬. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, বাউফল, পটুয়াখালী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

(স্বাক্ষরিত) ০২.১১.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অডিটর\Reinstatement.doc